গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
প্রোগ্রামার
সহকারি মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার
সহকারি প্রোগ্রামার
অন্যান্যঃ
ডাইরী নং- ০০১৯ তারিখ- ০৮/০১/২৬
স্বাক্ষরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ভূমি ব্যবস্থাপনা শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohpw.gov.bd

বিষয়: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন গণপূর্ত অধিদপ্তরের অধীনস্থ আন্তর্জাতিক/কূটনৈতিক/সরকারি প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দ সম্পর্কিত ভূমি বরাদ্দ কমিটি'র সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব<br>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ২৯/১২/২০২৫, সোমবার, সকাল: ১০:০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ভবন নম্বর ০৫, কক্ষ নম্বর-৩০৪)। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির প্রারম্ভিক বক্তব্য প্রদানের পর সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য উপসচিব (ভূমি ব্যবস্থাপনা শাখা-১) কে অনুরোধ জানানো হয়। অত:পর উপসচিব (ভূমি ব্যবস্থাপনা শাখা-১) আলোচ্যসূচি অনুযায়ী সভায় কার্যপত্র উপস্থাপন করেন এবং প্রত্যাশী সংস্থার ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রতিনিধিসহ সকলের মতামত আহ্বান করেন। উপস্থাপিত আলোচ্যসূচির ওপর কার্যপত্রের ধারাবাহিকতা অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা অনুষ্ঠিত হয়:

২.০ **বিষয়: বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়ের অনুকূলে সুপ্রীম কোর্ট এলাকার পার্শ্ববর্তী স্থানে অথবা আগারগাঁও প্রশাসনিক এলাকায় জমি বরাদ্দ প্রদান;**

২.১ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়ের সচিব সভাকে জানান যে, ২০০৪ সালে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন গঠনের পর থেকে অদ্যাবধি বিভিন্ন ভবনে কমিশন এর কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। বর্তমানে ১৫, কলেজ রোড, ঢাকা-১০০০ এ অবস্থিত বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবনের ৭ম-৯ম তলা ও ১০ম তলার একাংশে কমিশনের কার্যক্রম পরিচালিত হচ্ছে। কমিশন বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস পরীক্ষা, অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা ছাড়াও বার কাউন্সিল এনরোলমেন্ট, জাতীয় আইনগত সহায়তা সংস্থা এবং আইন ও বিচার বিভাগের বিভিন্ন নিয়োগ পরীক্ষা পরিচালনা করে আসছে। সম্প্রতি সারাদেশের অধস্তন আদালতসমূহের সহায়ক কর্মচারী নিয়োগের লক্ষ্যে জুডিসিয়াল সার্ভিস কমিশনকে বাছাইকারী কর্তৃপক্ষ হিসাবে নির্ধারণ করায় বিভিন্ন জেলা হতে অধস্তন আদালতের সহায়ক কর্মচারীদের বিভিন্ন পদের প্রায় ৫০০০ (পাঁচ হাজার) শূন্য পদের তালিকা প্রেরণ করা হয়েছে। জুডিসিয়াল সার্ভিস কমিশনের বিদ্যমান জায়গায় স্থান সংকুলান না হওয়ায় নিরাপত্তা ও কাজের গোপনীয়তা রক্ষার স্বার্থে এককভাবে কর্মকান্ড পরিচালনার জন্য নিষ্কন্টক ভূমি অথবা পৃথক ভবন প্রয়োজন। তিনি আরও জানান যে, গত ০২.১১.২০২৫ তারিখে অনুষ্ঠিত কমিশনের ১৪৩ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী সুপ্রীম কোর্ট এলাকার পার্শ্ববর্তী স্থানে অথবা আগারগাঁও এলাকায় অথবা ধানমন্ডিস্থ ০২ নম্বর রোডের ১২০ (পুরাতন) ২৪ (নতুন) নম্বর বাড়িটি কমিশনের অনুকূলে বরাদ্দ প্রদানের অনুরোধ করা হয়েছে।

২.২ বিষয়টি গত ১৯/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত ভূমি বরাদ্দ কমিটি'র সভায় বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয় এর অনুকূলে ধানমন্ডি আবাসিক এলাকার রোড নম্বর: ০২ এর প্লট নম্বর: ১২০ (পুরাতন) ২৪ (নতুন) নম্বর বাড়িটি পরিত্যক্ত সম্পত্তি অথবা আদালতে মামলা আছে কিনা এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকা'র প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে বাজার মূল্য অনুযায়ী বরাদ্দ প্রদানের সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২.৩ গত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতিবেদন প্রেরণের জন্য নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-২, ঢাকাকে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে জানা যায় যে, বর্ণিত ধানমন্ডি আবাসিক এলাকার রোড নম্বর: ০২ এর প্লট নম্বর: ১২০ (পুরাতন) ২৪ (নতুন) নম্বর বাড়িটি পরিত্যক্ত সম্পত্তির তালিকাভুক্ত রয়েছে। পরিত্যক্ত সম্পত্তির তালিতাভুক্ত হওয়ায় উক্ত বাড়িটি বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয় বরাদ্দ নিতে অনিহা প্রকাশ করেন।

২.৪ গত ১৪/১০/২০২৫ তারিখে অনুষ্ঠিত ভূমি বরাদ্দ কমিটির সভায় শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় প্লট ই-১৯/বি এর পরিবর্তে এফ-৯ প্লটের ৮৩ শতাংশ জমি বাজারমূল্যে বাংলাদেশ হাইটেক পার্ক এর স্থায়ী কার্যালয় এর ভবন নির্মাণের লক্ষ্যে সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর অনুকূলে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর নিকট হতে আবেদন প্রাপ্তি সাপেক্ষে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) ও ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর প্রধান কার্যালয় যৌথভাবে স্থাপনের লক্ষ্যে আগারগাঁও, শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় ই-১৯ নম্বর প্লটের উপপ্লট ই-১৯/বি-এর ৩১.৭৬ শতাংশ জমি সচিব, স্থানীয় সরকার বিভাগের অনুকূলে বর্তমান বাজারমূল্য অনুযায়ী বরাদ্দ প্রদানের সুপারিশ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

২.৫ সভাপতি আগারগাঁও, শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় ই-১৯ নম্বর প্লটের উপপ্লট ই-১৯/বি-এর ৩১.৭৬ শতাংশ জমির উপপ্লটটি আপাতত রিজার্ভ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন এবং বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়ের নিজস্ব ভবন স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের অনুকূলে বরাদ্দের সুপারিশকৃত এফ-৯ প্লটের ৮৩ শতাংশ জমির প্লটটি নিম্নোক্তভাবে বিভাজনের বিষয়ে গণপূর্ত অধিদপ্তর ও স্থাপত্য অধিদপ্তরের মতামত গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়াও বিভাজিত উপ-প্লট ৩টির মধ্যে ৩৩ শতাংশের প্লটটি বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস সচিবালয়ের অনুকূলে এবং ২৫ শতাংশের ১টি উপ-প্লট এসএমই ফাউন্ডেশন এর অফিস ভবন ও ডিসপ্লে সেন্টার স্থাপনের জন্য শিল্প মন্ত্রণালয়ের অনুকূলে এবং অপর ১টি প্লট পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) প্রধান কার্যালয় স্থাপনের জন্য বরাদ্দের বিষয়ে সভায় আলোচনা করা হয়।

| প্লট নম্বর ও জমির পরিমাণ | বিভাজিত উপ-প্লটের জমির পরিমাণ |
|---|---|
| এফ-৯ প্লটের ৮৩ শতাংশ | ৬০ ফুট রোড সংলগ্ন ৩৩ শতাংশ |
| | ৪৫ ফুট রোড সংলগ্ন ২৫ শতাংশ |
| | ৪৫ ফুট রোড সংলগ্ন ২৫ শতাংশ |

সিদ্ধান্ত:

(ক) আগারগাঁও শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় প্লট নম্বর: এফ-৯ প্লটের ৮৩ শতাংশ জমির প্লটটি ০৩টি উপপ্লটে (৩৩ শতাংশ ১টি এবং ২৫ শতাংশে ২টি) বিভাজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর ও প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তরকে পত্র দিতে হবে।

(খ) বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয় এর অনুকূলে শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় প্লট নম্বর: এফ-৯ প্লটের ৮৩ শতাংশ জমির বিভাজিত ৩টি উপ-প্লটের মধ্যে ৬০ ফুট রাস্তার পার্শ্ববর্তী ৩৩ শতাংশের উপ-প্লটটি বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয় এর অনুকূলে বিনামূল্যে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**৩.০ বিষয়: বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের প্রধান কার্যালয় স্থাপনের জন্য অফিস ভবন নির্মাণে জন্য জমি বরাদ্দ প্রদান সংক্রান্ত;**

৩.১ নির্বাহী প্রকৌশলী, শেরে বাংলানগর গণপূর্ত বিভাগ-১ সভাকে জানান যে, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের বর্তমানে অনেক বড় কম্পাউন্ড রয়েছে। তারা সেখানেই প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করতে পারবেন। বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের প্রতিনিধি সভাকে জানান যে, যেহেতু এফ-৯ প্লটের ৮৩ শতাংশ জমি বরাদ্দ প্রদান করা যাচ্ছে না সেক্ষেত্রে ইতোপূর্বে বরাদ্দকৃত ই-১৯ নম্বর প্লটের উপপ্লট ই-১৯/বি-এর ৩১.৭৬ শতাংশ জমি পুনরায় বরাদ্দ প্রদান করা হলে বর্তমান বাজার মূল্যের সমুদয় অর্থ পরিশোধ

করতে সম্মত আছেন। সভাপতি হাইটেক পার্ক কর্তৃপক্ষের জমির প্রয়োজন রয়েছে কিনা সে বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১) এর নেতৃত্বে একটি কমিটি গঠন করে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত:** বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের বর্তমান অফিস ভবন পরিদর্শন করে চাহিত জমির প্রয়োজনীয়তা রয়েছে কিনা এ বিষয়ে প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নোক্ত ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো:

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১. | জনাব মো: আব্দুল মতিন<br>অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২. | বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৩. | নির্বাহী প্রকৌশলী<br>শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-১, গণপূর্ত অধিদপ্তর। | সদস্য-সচিব |

৪.০ **বিষয়: পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) ও ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর প্রধান কার্যালয় স্থাপনের জন্য অনুন্য ২০ কাঠা জমি বরাদ্দ প্রদান।**

৪.১ সভায় পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) ও ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর প্রধান কার্যালয় স্থাপনের জন্য যৌথভাবে আগারগাঁও, শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় ই-১৯ নম্বর প্লটের উপপ্লট ই-১৯/বি-এর ৩১.৭৬ শতাংশ জমি বাজারমূল্য অনুযায়ী বরাদ্দ প্রদানের গত ১৯/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত বাতিলপূর্বক পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর প্রধান কার্যালয় স্থাপনের জন্য শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় প্লট নম্বর: এফ-৯ প্লটের ৮৩ শতাংশ জমির বিভাজিত ৩টি উপ-প্লটের মধ্যে ২৫ শতাংশের উপ-প্লটটি স্থানীয় সরকার বিভাগের অনুকূলে বাজার মূল্য অনুযায়ী বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত:** পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) প্রধান কার্যালয় স্থাপনের লক্ষ্যে শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় প্লট নম্বর: এফ-৯ প্লটের ৮৩ শতাংশ জমির বিভাজিত ৩টি উপ-প্লটের মধ্যে ২৫ শতাংশের উপ-প্লটটি পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অনুকূলে বর্তমান বাজার মূল্য অনুযায়ী বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫.০ **বিষয়: এসএমই ফাউন্ডেশন এর অফিস ও ডিসপ্লে স্থাপনের লক্ষ্যে আগারগাঁও প্রশাসনিক এলাকায় প্লট বরাদ্দ প্রদান সংক্রান্ত।**

৫.১ শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে সরকার ২০০৬ সালে এসএমই ফাউন্ডেশন প্রতিষ্ঠা করেন। জাতীয় শিল্পনীতি ২০২২, এসএমই নীতিমালা ২০১৯ এবং এসডিজি ২০৩০-কে সামনে রেখে দেশের অর্থনৈতিক উন্নয়ন ও সমৃদ্ধির জন্য কর্মসংস্থান সৃষ্টি করে দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যে কাজ করে যাচ্ছে এসএমই ফাউন্ডেশন। ফাউন্ডেশন এসএমই উদ্যোক্তাদের জন্য প্রশিক্ষণ, সক্ষমতা বৃদ্ধি, পলিসি এডভোকেসি, গবেষণা, বিজনেস সার্পোট সার্ভিসেস, নতুন উদ্যোক্তা তৈরি, তথ্য প্রযুক্তি ও প্রযুক্তি উন্নয়ন, নারী উদ্যোক্তা উন্নয়ন, স্বল্প সুদে ঋণ প্রদান ইত্যাদি কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। এসএমই ফাউন্ডেশনের সমজাতীয় প্রতিষ্ঠানসমূহে সরকার কর্তৃক প্রদত্ত নিজস্ব ভূমিতে অফিস ভবন থাকলেও এসএমই ফাউন্ডেশনের নিজস্ব কোন ভূমি কিংবা ভবন না থাকায় ঢাকার আগারগাঁওস্থ পর্যটন ভবনে দুটি ফ্লোর ভাড়া করে দাপ্তরিক কার্যক্রম এবং মিরপুরস্থ তালতলায় জহির স্মার্ট টাওয়ারে একটি ফ্লোর ভাড়া করে ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন এর কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। বর্তমানে ভাড়াকৃত স্থান সঙ্কুলান না হওয়ায় আবশ্যকতা থাকলেও নতুন জনবল নিয়োগ করা সম্ভব হচ্ছে না। পর্যাপ্ত স্পেসের অভাবে চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ রুম, আইসিটি ল্যাব, ইনকিউবেশন ইউনিট, পণ্য প্রদর্শনী সেন্টার, মানসম্মত কনফারেন্স/অডিটোরিয়াম রুম

স্থাপন করা যাচ্ছেনা। এছাড়া সুবিধাজনক ভেন্যু না থাকায় ওয়ার্কশপ/সেমিনার/কনফারেন্স ইত্যাদি আয়োজন করা সম্ভব হচ্ছে না। অন্য জায়গায় ভাড়া করে এগুলোর আয়োজন করতে অর্থের অপ্রতুলতাসহ নানাবিধ সমস্যা তৈরি হয়। সভায় এসএমই ফাউন্ডেশনের আগারগাঁও শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় একটি জমি বরাদ্দ প্রদানের জন্য পরিচালক সভাকে অনুরোধ জানান।

৫.২ এসএমই ফাউন্ডেশন এর অফিস ও ডিসপ্লে স্থাপনের লক্ষ্যে আগারগাঁও শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকায় প্লট নম্বর: এফ-৯ প্লটের ৮৩ শতাংশ জমির বিভাজিত ৩টি উপ-প্লটের মধ্যে ২৫ শতাংশের উপ-প্লটটি শিল্প মন্ত্রণালয়ের অনুকূলে বরাদ্দ প্রদান করা যায় মর্মে সভায় সুপারিশ করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** এসএমই ফাউন্ডেশন এর অফিস ও ডিসপ্লে স্থাপনের লক্ষ্যে আগারগাঁও প্রশাসনিক এলাকায় প্লট নম্বর: এফ-৯ প্লটের ৮৩ শতাংশ জমির. বিভাজিত ৩টি উপ-প্লটের মধ্যে ২৫ শতাংশের উপ-প্লটটি বর্তমান বাজার মূল্য অনুযায়ী এসএমই ফাউন্ডেশন, শিল্প মন্ত্রণালয়ের অনুকূলে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**৬.০ বিষয়: নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধীন "আন্তর্জাতিক ভাষা ইনস্টিটিউট (International Language Institute)" স্থাপনের লক্ষ্যে অকৃষি খাসজমি দীর্ঘমেয়াদী লিজ প্রদান;**

৬.১ গত ১৯/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত এ মন্ত্রণালয়ের ভূমি বরাদ্দ কমিটির সভায় উপস্থাপন করা হলে নোয়াখালী গণপূর্ত বিভাগের অধিগ্রহণকৃত নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলাধীন ২৩৫ নং একলাশপুন সৌজা ও ২৩৪ নং অনন্তপুর মৌজায় এল.এ. এবং সিএস দাগের সর্বমোট ৪৬.১৪ একর জমির অবশিষ্ট ২৯.৬৭ একর জমি হতে ১.৫ একর জমি বাজারমূল্যে "আন্তর্জাতিক ভাষা ইনস্টিটিউট (International Language Institute)" স্থাপনের নিমিত্ত নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে বরাদ্দ প্রদানের বিষয়ে সুপারিশ করা হয়। সভায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আর্থিক সংকুলান না থাকায় "আন্তর্জাতিক ভাষা ইনস্টিটিউট (International Language Institute)" প্রতিষ্ঠানটি নতুন প্রজন্মের কর্মসংস্থানের জন্য যুগোপযোগী প্রতিষ্ঠান বিধায় বিনামূল্যে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। তবে যেহেতু বিবেচ্য জমিটি গণপূর্ত বিভাগের ইটভাটা স্থাপনের উদ্দেশ্যে অধিগ্রহণ করা হয়েছিল এবং নোয়াখালী জেলা প্রশাসক অধিগ্রহণের উদ্দেশ্যে ব্যতিত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহারের কারণে রিজিউম করে খাস খতিয়ানভূক্ত করার নিমিত্ত এ মন্ত্রণালয়ের অনাপত্তি প্রদানের জন্য পত্র প্রেরণ করেছেন। সেহেতু অধিগ্রহণ আইন অনুযায়ী জেলা প্রশাসক কর্তৃক রিজিউম করাই সমীচীন মর্মে বিবেচিত হয়। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত জমি নোয়াখালী জেলা প্রশাসক বরাবর বন্দোবস্তের আবেদন করায় তা ভূমি মন্ত্রণালয়ের মাধ্যমে বন্দোবস্ত প্রাপ্তির সুযোগ রয়েছে।

**সিদ্ধান্ত:** জেলা প্রশাসক, নোয়াখালী পত্রের পরিপেক্ষিতে উক্ত ইটভাটার জন্য অধিগ্রহণকৃত জমি ব্যবহারের প্রয়োজনীয়তা পরিবর্তিত হওয়ায় জেলা প্রশাসক নোয়াখালী কর্তৃক রিজিউম করে ভূমি মন্ত্রণালয়ের মাধ্যমে বরাদ্দ প্রদানের জন্য এ মন্ত্রণালয়ের অনাপত্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**৭.০ বিষয়: ধানমন্ডি রোড-১২/এ অবস্থিত ৫.১৫ কাঠা সরকারি জমি মসজিদ উত-তাকওয়া এর অনুকূলে বরাদ্দ;**

৭.১ ধানমন্ডি আবাসিক এলাকায় ১২/এ নম্বর সড়কে লেকের পাড়ে অবস্থিত মসজিদ-উত তাকওয়া মুসল্লিদের আরামদায়ক নামাজ আদায় ও ধর্মীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে মসজিদ কমপ্লেক্স সম্প্রসারণের পরিকল্পনায় বিকল্প উন্নত সংস্করণের লক্ষ্যে স্থানীয়দের জন্য উন্মুক্ত ও আধুনিক স্যানিটেশন সুবিধা বজায় রাখার নিমিত্ত মসজিদটির পূর্ব পাশে ৩৭১৫ বর্গফুট (৫.১৫ কাঠা) জমি মসজিদ উত-তাকওয়া এর অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে।

৭.২ সভায় ধানমন্ডি আবাসিক এলাকার রোড নম্বর ১২/এ সংলগ্ন ৫.১৫ কাঠা জমিতে অবস্থিত ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক নির্মিত পাবলিক টয়লেটটি অপসারণ করে মসজিদের ওযু খানা স্থাপন, আধুনিক মানের পাবলিক

টয়লেট স্থাপন, লেকের পাড়ে যাওয়ার র‍্যাম্প বহাল রাখা এবং সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখাসহ মূল্য পরিশোধের শর্তে মসজিদ উত-তাকওয়া সোসাইটি'র অনুকূলে বরাদ্দ প্রদানের গত ১৯/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্ত বাতিলপূর্বক বিনামূল্যে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত:** ধানমন্ডি আবাসিক এলাকার রোড নম্বর ১২/এ সংলগ্ন ৫.১৫ কাঠা জমিতে অবস্থিত ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক নির্মিত পাবলিক টয়লেটটি অপসারণ করে মসজিদের ওযু খানা স্থাপন, আধুনিক মানের পাবলিক টয়লেট স্থাপন, লেকের পাড়ে যাওয়ার র‍্যাম্প বহাল রাখা এবং সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখার শর্তে মসজিদ উত-তাকওয়া এর অনুকূলে বিনামূল্যে বরাদ্দ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৮.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ও
সভাপতি, ভূমি বরাদ্দ কমিটি

স্মারক নম্বর: ২৫.০০.০০০০.০৪৯.৯৯.০০৮.১৮-২৭৯

তারিখ: ২২ পৌষ, ১৪৩২ / ০৬ জানুয়ারি, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (ভূমি ও পুরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা অনুবিভাগ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
৭. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৮ পরিচালক (অতিরিক্ত সচিব), নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৯. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
১২. চেয়ারপার্সন, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন), পর্যটন ভবন, আগারগাঁও, ঢাকা।
১৩. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), প্রধান কার্যালয়, বাড়ী নং-০৫, এভিনিউ-৩, হাজী রোড, রুপনগর, মিরপুর-২, ঢাকা।
১৪.. যুগ্মসচিব (ভূমি ব্যবস্থাপনা অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. আইন উপদেষ্টা (আইন অনুবিভাগ), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবাল, ঢাকা।
১৬. ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব), ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
১৭. সভাপতি/সাধারণ সম্পাদক, মসজিদ উত-তাকওয়া সোসাইটি, রোড নম্বর: ১২/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা।
১৮. ভাইস চ্যান্সেলর, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী।
১৯ জেলা প্রশাসক, নোয়াখালী।
২০. নির্বাহী প্রকৌশলী, শেরে বাংলা নগর গণপূর্ত বিভাগ-১,২,৩, ঢাকা [আগারগাঁও প্রশাসনিক এলাকায় আলোচ্য সংস্থার জন্য বরাদ্দযোগ্য জমির/প্লটের তথ্যাদিসহ উপস্থিতির অনুরোধসহ]
২১. নির্বাহী প্রকৌশলী, নোয়াখালী গণপূর্ত বিভাগ, নোয়াখালী।
২২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
২৩. সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৪. সিস্টেম এনালিস্ট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার নোটিশ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৫. অফিস কপি।

০৬/০১/২০২৬

মো: আমিরুল কায়ছার
উপসচিব
ফোন: ০২-৫৫১০১৪৩৪